# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 28 June, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামী আসন্ন জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান উপলক্ষে দেশব্যাপী ধারাবাহিক কর্মসূচির ঘোষণা দিয়েছে। শনিবার (২৮ জুন) দুপুর ১২টায় সংগঠনের কেন্দ্রীয় কার্যালয় থেকে এক প্রেস ব্রিফিংয়ে এসব কর্মসূচি ঘোষণা করা হয়।

ঘোষিত কর্মসূচি অনুযায়ী–

জুলাই মাসের কর্মসূচি:

১ জুলাই: শহিদ, আহত ও পঙ্গুত্ববরণকারীদের স্মরণে দেশব্যাপী শাখায় শাখায় দোয়া মাহফিল।

২-৪ জুলাই: দরিদ্র, অসহায় ও ইয়াতিমদের মাঝে খাবার বিতরণ কর্মসূচি।

৮-১৫ জুলাই: শহিদ ও আহত পরিবারের সঙ্গে সাক্ষাৎ, মতবিনিময় ও দোয়া অনুষ্ঠান।

১৬ জুলাই: রংপুরে শহিদ আবু সাঈদ স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান।

১৯ জুলাই: সোহরাওয়ার্দী উদ্যানে জাতীয় সমাবেশ এবং শহিদ পরিবারের আয়োজনে বিশেষ অনুষ্ঠান।

২০-২৪ জুলাই: সেমিনার ও সিম্পোজিয়াম–গণঅভ্যুত্থানের উদ্দেশ্য ও গণ-প্রত্যাশা পূরণ বিষয়ে।

২৫-২৮ জুলাই: গণঅভ্যুত্থান বিষয়ক ডকুমেন্টারি প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

২৯-৩০ জুলাই: নারী ও ছাত্রীদের উদ্যোগে আলোচনা সভা।

আগস্ট মাসের কর্মসূচি:

১ আগস্ট: ছাত্রদের উদ্যোগে আলোকচিত্র প্রদর্শনী।

সারা আগস্ট: দেশব্যাপী গণমিছিল ও রাষ্ট্রীয় কর্মসূচিতে অংশগ্রহণ।

৬-৮ আগস্ট: সাংবাদিক, শিক্ষক, চিকিৎসক, আইনজীবী, প্রকৌশলী ও আলেম-ওলামাদের উদ্যোগে আলোচনা সভা।

জামায়াত নেতারা কর্মসূচি ঘোষণাকালে বলেন, এসব আয়োজনের মূল লক্ষ্য হলো "গণঅভ্যুত্থানের চেতনা স্মরণ, জনগণের প্রত্যাশা পুনরুদ্ধার এবং সংগঠনের সাত দফা বাস্তবায়ন দাবিতে জাতীয় ঐক্য গড়ে তোলা"।

বাংলাদেশ জামায়াতে ইসলামী জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান কর্মসূচির ঘোষণা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:16

URL: https://www.timestodaybd.com/politics/4190473837